দৈনিক ইত্তেফাক C22
তারিখ 10 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 1

# ২৭শে সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিবে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (বুধবার) সিণ্ডিকেটের এক সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। কর্তৃপক্ষ এ ব্যাপারে কিছু জানাইতে অস্বীকার করিয়াছেন। তবে একটি সূত্রের মতে ২৭শে সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাশ শুরু হইবে এবং ইহার আগে ২২শে সেপ্টেম্বর হলসমূহ খুলিয়া দেওয়া হইবে। গতকাল সন্ধ্যায় অনুষ্ঠিত এই সভার সিদ্ধান্ত জানার জন্য বিভিন্ন পত্রিকার সাংবাদিকবৃন্দ কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করার চেষ্টা করিয়া ব্যর্থ হইয়াছেন। একজন সিণ্ডিকেট সদস্যের কাছে সভার সিদ্ধান্ত

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় ২৭শে সেপ্টেম্বর খুলিবে।

এদিকে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষদসমূহের ডীন, বিভাগীয় চেয়ারম্যান ও ইনষ্টিটিউটসমূহের পরিচালকবৃন্দের এক সভায় বিভিন্ন পরীক্ষা গ্রহণের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের ১৯৮১-৮২ শিক্ষাবর্ষের তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষা (কোর্স সিষ্টেম) আগামী ১৫ই অক্টোবর, একই অনুষদের ১৯৮২-৮৩ শিক্ষাবর্ষের তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষা ১৫ই ডিসেম্বর, ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান পরীক্ষা ১০ই নভেম্বর শুরু হইবে। ইহাছাড়া, ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষের তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষা বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের অধীনে ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষের শেষ পর্ব মাষ্টার্স ডিগ্রী পরীক্ষা এবং ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষের কয়েকটি বিভাগের অবশিষ্ট পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ডীন ও চেয়ারম্যানদের ১৫ই সেপ্টেম্বরের মধ্যে উদ্যোগ গ্রহণ করিতে বলা হইয়াছে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

সম্পর্কে জানিতে চাওয়া হইলে তিনি বলেন, সভায় বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। তবে তিনি তাহা বলিতে পারিবেন না। নাম প্রকাশে অনিচ্ছুক একজন সিণ্ডিকেট সদস্য জানান,

(২য় পৃঃ দ্রঃ)